**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 January 2026** **7:35 AM IST**

==========================================================================

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর অসম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অর্থ বিতরণ কার্যসূচী আগামী ৬ ই ফেব্রুয়ারী থেকে গুয়াহাটীতে শুরু হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে জানান যে এই প্রকল্পের অধীনে রাজ্যের ৭৫ হাজার যুবক স্বনির্ভরের জন্য ২ লক্ষ টাকা করে লাভ করবেন । সমগ্র রাজ্যে ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে এই প্রকল্পের অর্থ বিতরণ প্রক্রিয়া সম্পূর্ন করা হবে বলে মূখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---

আসাম সরকার পুলিশ কনস্টেবল পদের আবেদনের জন্য বয়সের উর্দ্ধসীমা বর্তমানের ২৫ বছর থেকে একবছর বৃদ্ধি করে ২৬ বছর করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামাজিক মাধ্যমে আরটো জানান যে আবেদনের সময়সীমাও আরো ১৫ দিন বৃদ্ধি করা হয়েছে । অনুরূপভাবে এ ডি আর ই'র মাধ্যমে চাকুরীতে যোগদান করা ব্যক্তি সহ রাজ্য সরকারের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের

পারস্পরিক বদলির আবেদনের জন্য স্বাগত সতীর্থ পোর্টেলটি আগামী মাসে পুনরায় চালু করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । এ ডি আর ই'র জন্য আবেদন করা দিব্যাংগ প্রার্থী যারা পূর্বে মিডিক্যাল পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছিলেন তাদের জন্য দ্বিতীয়বার মেডিক্যাল পরীক্ষার ব্যবস্থা করা হবে বলে মূখ্যমন্ত্রী জানান । অপ্রাদেশিকৃত বিদ্যালয়ের শিক্ষকদের আবেদনের পোর্টেলটি শীঘ্রই চালু করতে শিক্ষা বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

ভারতীয় জনতা পার্টির জাতীয় সভাপতি হিসেবে নীতিন নবীন আজ দায়িত্ব গ্রহন করবেন । গতকাল বিনা প্রতিদ্বন্দিতায় শ্রীনবীন নির্বাচিত হয়েছেন । আজ সকাল সাড়ে ১১টায় নতুন দিল্লীর বিজেপির সদর কার্য্যলয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে শ্রীনবীন কার্যভার গ্রহন করবেন ।

---

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন অনুষ্ঠনে আজ বেলা ১২ টায় অশোক লিল্যান্ডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কৃষ্ণণ সদাগোপন প্রধান অতিথি হিসেবে দীক্ষান্ত ভাষণ দেবেন । আগামীকাল বেলা ১২ টায় সমাবর্তনের অনুষ্ঠানের শেষ কার্যসূচীতে প্রাক্তন সেনা প্রধান মনোজ মুকুন্দ নারাভানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দীক্ষান্ত ভাষণ দেবেন । তিনদিনব্যাপী এই কার্যসূচীতে আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য অবসরপ্রাপ্ত চিফ এয়ার মার্শাল অরূপ রাহা পৌরহিত্য করছেন । সমাবর্তন অনুষ্ঠানের প্রথম দিন গতকাল বিশ্ববিদ্যালয়ের নেতাজী সুভাষ চন্দ্র বসু মুক্ত মঞ্চে ১৯৯৯ ব্যাচের ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক পার্থ সারথি মহন্তকে সম্মানীয় ডক্টর অব লিটারেচার , ডিলিট ডিগ্রী প্রদান করা হয়েছে । সমাবর্তন অনুষ্ঠানের প্রথম দিন বেলুর মঠের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ

এডুকেশন এন্ড রির্সাচ ইনষ্টিটিউটের প্রো-চ্যান্সেলর স্বামী আত্মপ্রিয়নন্দজী মহারাজ আনুষ্ঠানিকভাবে শ্রীমহন্তের হাতে ডিলিট ডিগ্রী তুলে দিয়েছেন । উল্লেখ্য এবারের সমাবর্তন অনুষ্ঠানে মোট ১৩ হাজার ৬শ ৬৬ জন ছাত্র-ছাত্রীকে বিভিন্ন বিষয়ের উপর ডিগ্রী প্রদান করা হচ্ছে ।
ডিলিট ডিগ্রী গ্রহন করে আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে পার্থ সারথি মহন্ত জানান
--------বাইট---------

---

কাছাড় জেলায় আগামী ২৬শে জানুয়ারী ৭৭তম সাধারনতন্ত্র দিবস উদযাপন উপলক্ষ্যে নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত আয়ুষ গার্গের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলা আয়ুক্ত শ্রী গার্গ জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা করেন এবং পুলিশ প্রশাসনকে থাকার নির্দেশ দেন । জেলা আয়ুক্ত আন্ত রাজ্য এবং আর্ন্তজাতিক সীমান্ত এলাকায় নজরদারী আরো কঠোর করার নির্দেশ দিয়েছেন । গতকালের প্রস্তুতি সভায় আসাম পুলিশের শীর্ষ আধিকারীক সহ আসাম রাইফেলস , সীমান্ত সুরক্ষা বাহিনী , কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী , গোয়েন্দা সংস্থার আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

দক্ষিণ শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কাটারগুল ও তেলীপাড়া হয়ে টুকেরবাজার থেকে বারইগ্রাম পেচারপার সড়ক এবং বারইগ্রাম পূর্ত সড়ক থেকে বাদেজামা সড়কে আই সি বি পি ব্লক বসানোর কাজের জন্য আজ থেকে ওই সড়কগুলি দিয়ে সব ধরনের যান বাহন চলাচল বন্ধ থাকবে ।

বিজ্ঞপ্তীতে এই সড়কগুলি বন্ধ থাকাকালীন সময়ে জনগনকে বিকল্প সড়ক হিসেবে ভিতরগুল সড়ক হয়ে কাটারগুল থেকে সোনাতলা পূর্ত সড়ক এবং নবিপুর হয়ে বাদেজামা থেকে বারইগ্রাম রেলওয়ে গেইট সড়ক হয়ে যান বাহন চলাচল করতে পারবে ।

---

আসাম গ্রামীন জীবিকা মিশনের কাছাড় জেলা শাখার উদ্যোগে গতকাল থেকে শিলচর ডাকবাংলো প্রাঙ্গনে অসমী ভোগালী মেলা শুরু হয়েছে । তিন দিনের এই মেলায় আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যদের তৈরী সামগ্রী প্রদর্শনী ও বিক্রীর জন্য রাখা হয়েছে । পাশাপাশি পরম্পরাগত সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে ।

---